দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 17 NOV 2008 ...
পৃষ্ঠা - ৩ ... কলাম - ৭

# আন্দোলনরত শিক্ষার্থীদের বাধার মুখে ঢাকা ডেন্টাল কলেজে ভর্তি ফরম বিক্রি বন্ধ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

সাত ছাত্রের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহারের দাবিতে রবিবার ঢাকা ডেন্টাল কলেজে বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা। পুলিশ

হাসপাতালের চিকিৎসা কার্যক্রম বন্ধ হয়ে যাওয়ায় রোগীরা দুর্ভোগে পড়েছে। শিক্ষার্থীরা বলছেন, দাবি না মানা পর্যন্ত তাদের কর্মসূচি অব্যাহত থাকবে। জানা গেছে, চুরির অভিযোগে বহিরাগত এক যুবককে মারপিটের পর হাসপাতালে তার মৃত্যুর ঘটনায় পুলিশ ডেন্টাল কলেজের সাত ছাত্রের বিরুদ্ধে সম্প্রতি চার্জশিট দিয়েছে। চার্জশিটভুক্ত ছাত্ররা নিজেদের নির্দোষ দাবি করেন। একই সঙ্গে তার মামলা প্রত্যাহারের দাবিতে এ মাসের শুরু থেকেই মিছিল, সমাবেশ মানববন্ধন কর্মসূচি পালন করে আসছেন।